



দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১  
উত্তর গোবিন্দপুর, দিনাজপুর।

ফোন : ০৫৩১-৬৪৪৬৫ (অফিস)  
০৫৩১-৬৪১৯৬ (অভিযোগ কেন্দ্র)  
ইমেইল- dpbsone@gmail.com

স্মারক নং-২৭.১২.২৭৬৪.৫১৮.০১.০৩৮.২২. ৪৬৭৭

তারিখ- ১৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ  
০১/০৯/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ “তার (ডি-২৮) পরিবহনের” দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।**

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ অনুযায়ী সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি হতে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে তার (ডি-২৮, ৪৭৭ এমসিএম) (লোডিং আনলোডিং সহ) পরিবহনের জন্য বাপবিবোর্ডের নির্ধারিত পরিবহন ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	দরপত্র নং (RFQ)	মালামাল পরিবহনের বিবরণ	মোট ওজন × মোট দূরত্ব (টন-কি:মি:)	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
1.	০৩/২০২২-২৩	তার (ডি-২৮, ৪৭৭ এমসিএম), পরিমাণঃ ১০ কিঃ মিঃ। ওজন- ১২ টন, আনুমানিক দূরত্ব- ৫৯০ কিঃ মিঃ।  সুনামগঞ্জ পবিস হতে দিনাজপুর পবিস-১ এর সদর দপ্তরে পরিবহন (লোডিং আনলোডিং সহ)।  (সুনামগঞ্জ পবিস হতে ট্রাক/ ট্রেইলারে ক্রেনের মাধ্যমে মালামাল উঠানো, পরিবহন পূর্বক অত্র পবিসে নামানো, শ্রেণী বিন্যাস সহকারে সারিবদ্ধভাবে রাখা ইত্যাদি)।	১২×৫৯০ = ৭০৮০		
মোট =					

কথায়ঃ .....

**দরপত্র প্রদানের স্থান ও সময়**

০১।	RFQ জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়	০৭/০৯/২০২২ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত
০২।	RFQ জমা দেয়ার স্থান	পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-১ এর সদর দপ্তর, উত্তর গোবিন্দপুর, দিনাজপুর।
০৩।	RFQ খোলার তারিখ, সময় ও স্থান	০৭/০৯/২০২২ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১:৩৫ ঘটিকায় পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এবং দিনাজপুর পবিস-১ এর সদর দপ্তর, উত্তর গোবিন্দপুর, দিনাজপুর।

**শর্তাবলীঃ**

০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলমোহরকৃত দরপত্র পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা) জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-১ এর সদর দপ্তর, উত্তর গোবিন্দপুর, দিনাজপুর এর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে রাখা করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী স্ব-স্ব দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে।

চলমান পাতা

পাতা-২

- ০২। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সনদপত্র, আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে এবং অভিজ্ঞতা সনদ ও বাপবিবোর্ডের তালিকাভুক্তি (যদি থাকে) তার সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩। দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে “তার (ডি-২৮) পরিবহনের দরপত্র” কথাটি লিখতে হবে।
- ০৪। কার্যাদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ) দিনের মধ্যে মালামাল পরিবহন সম্পন্ন করতে হবে।
- ০৫। মালামাল পরিবহনকালে নিরাপত্তা ঝুঁকি সংক্রান্ত বিধিমালা অনুসরণ পূর্বক নিরাপদে পরিবহন করতে হবে। মালামাল পরিবহনের সময় পরিবহনতব্য মালামালের কোন ক্ষতি হলে পরিবহনকারী প্রতিষ্ঠান কর্তৃক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
- ০৬। আগ্রহী প্রতিষ্ঠানের অবশ্যই তার/পোল /বৈদ্যুতিক মালামাল পরিবহনের অভিজ্ঞতা থাকতে হবে এবং দরপত্রের সাথে অভিজ্ঞতার প্রমাণপত্র দাখিল করতে হবে।
- ০৭। কার্যাদেশ প্রাপ্তির পর দিনাজপুর পবিস-১ এবং কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের সাথে তার (ডি-২৮) পরিবহন, লোডিং এবং আনলোডিং কাজ সংক্রান্ত বিষয়ে ৩০০.০০ (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে।
- ০৮। সন্তোষজনকভাবে মালামাল পরিবহনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে ডিজিএম (কারিগরী) ও এজিএম (ইএন্ডসি) এর যৌথ প্রত্যয়নের পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৯। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক / সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

(মোঃ সাইফুল ইসলাম)  
সিনিয়র জেনারেল ম্যানেজার  
০২/১২/২২

অনুলিপিঃ নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র বঞ্চে দরপত্র গ্রহণের অনুরোধ সহ)।
- ০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ০৩। পুলিশ সুপার, দিনাজপুর।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, দিনাজপুর।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, দিনাজপুর।
- ০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার..... উপজেলা, দিনাজপুর।
- ১০। সিনিয়র ডিজিএম, দিপবিস-১।
- ১১। সহকারী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর। (দরপত্র মূল্যায়নের জন্য নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো)।
- ১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-১।
- ১৩। এজিএম (আইটি), দিপবিস-১ (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১৪। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

(মোঃ সাইফুল ইসলাম)  
সিনিয়র জেনারেল ম্যানেজার  
০২/১২/২২